


প্রকাশ্য নিলামের মাধ্যমে পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লাকসাম উপজেলা ভূমি অফিসের সীমানা প্রাচীরের অভ্যন্তরে পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা (যে অবস্থায় আছে) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকাশ্যে নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় আগামী ২৫/১১/২০২৫ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বিকাল-০৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা এর কার্যালয়ে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা ক্রয়ে ইচ্ছুক প্রতিষ্ঠান/ আগ্রহী ব্যক্তিবর্গকে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি

- ০১) প্রকাশ্য নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ ও সময়ে নিলাম কমিটির নিকট নগদ -৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসাবে তালিকাভুক্ত হতে হবে।
- ০২) সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত হিসাবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জমাকৃত টাকা তাৎক্ষণিক ফেরত দেওয়া হবে।
- ০৩) কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত টাকা সঙ্গে সঙ্গে পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং নিলাম ডাককারীর জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ০৪) নিলামে অংশগ্রহণের পূর্বে পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা দেখে নিতে হবে।
- ০৫) সর্বোচ্চ ডাককারীকে প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক উদ্বৃত্ত ডাকের ১০% হারে আয়কর ও ৭.৫% হারে ভ্যাট ডাক মূল্যের অতিরিক্ত হিসাবে পরিশোধ করতে হবে।
- ০৬) পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা অপসারণকালে সীমানা প্রাচীরসহ অন্যান্য স্থাপনা ক্ষতি করা যাবে না।
- ০৭) সর্বোচ্চ ডাককারী ডাকগ্রহণের দিন থেকে পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন ডাক গ্রহণের পর থেকে পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা নষ্ট বা চুরি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ০৮) সূর্যাস্ত হতে সূর্যদয় অর্থাৎ রাত্রিকালীন সময়ে পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা অপসারণ করা যাবে না।
- ০৯) সর্বোচ্চ নিলাম ডাককারী ১৪(চৌদ্দ) দিনের মধ্যে বিনা ব্যর্থতায় কার্যাদেশ প্রাপ্তির পরিত্যক্ত ০২ (দুই) টি স্থাপনা অপসারণ করবেন।
- ১০) প্রকাশ্যে নিলাম চলাকালে কোন নিলামকারী কোন প্রকার বিশৃঙ্খলা বা বিঘ্ন সৃষ্টি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যক্তি/ প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১১) সর্বোচ্চ বা যেকোন ডাক গ্রহণ করা বা না করা কমিটির এখতিয়ারভুক্ত এ জন্য নিলাম কমিটি কাউকে কোন প্রকার ব্যাখ্যা বা কৈফিয়ত দিতে বাধ্য নহে এ ব্যাপারে কোন প্রকার আপত্তি আমলে আসবে না।
- ১২) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই উক্ত নিলাম কার্যক্রম স্থগিত বা বাতিল বা পরিবর্তন/পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করে।



মিলন চাকমা
সহকারী কমিশনার (ভূমি)
ও সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
লাকসাম, কুমিল্লা

স্মারক নং-৩১.২০.১৯৭২.০০০.২৭.০০৩.২৫ - ৬৩০২

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩২
২৬ নভেম্বর ২০২৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ০১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নিলাম কমিটি, কুমিল্লা
- ০২। প্রশাসক, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা নিলাম কমিটি, লাকসাম, কুমিল্লা
- ০৪। মেয়র/ প্রশাসক লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা
- ০৫। অফিসার ইনচার্জ, লাকসাম থানা, কুমিল্লা
- ০৬। উপজেলা অফিসার ও সদস্য উপজেলা নিলাম কমিটি, লাকসাম, কুমিল্লা
- ০৭। চেয়ারম্যান/প্রশাসক (সকল) ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা বহল প্রচারের জন্য অফিসের নোটিশ বোর্ড এবং ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ
- ০৮। সহকারী প্রোগ্রামার, লাকসাম কুমিল্লা বহল প্রচারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, (সকল) লাকসাম, কুমিল্লা। বহল প্রচারের জন্য অফিসের নোটিশ বোর্ড এবং ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ
- ১০। নোটিশ বোর্ড (উপজেলা ভূমি অফিস, উপজেলা পরিষদ, পৌরসভা এবং সকল ইউনিয়ন ভূমি অফিস অফিস)
- ১১। অফিস কপি



মিলন চাকমা
সহকারী কমিশনার (ভূমি)
ও সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
লাকসাম, কুমিল্লা